

পল্লী প্রগতি কর্মসূচি
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা
www.pppbd.org

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৩৬.০২.৪৫৫.১৮(২) - ২০২০

তারিখ:- ২৬/০৮/২০২০ খ্রিঃ।

বিষয়: পল্লী প্রগতি প্রকল্পের/কর্মসূচির সুফলভোগীদের সঞ্চয় জমা সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

সূত্র: বিকেবির পত্র নং-প্রকা/ক্রেবি(শাখা-৫)রুমাবি-২৪৪(অংশ-৪)/২০২০-২০২১/১২৭(৩)


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পল্লী প্রগতি প্রকল্পের ঋণ কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক মোতাবেক সুফলভোগীদের সঞ্চয় সংশ্লিষ্ট ব্যাংক শাখায় জমা করা হতো। গত ৩১/১২/২০০৮ খ্রিঃ তারিখে সমঝোতা স্মারকের মেয়াদ শেষ হয়। গত ২৩/১২/২০০৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সাথে বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের যৌথ সভায় সুফলভোগীদের সঞ্চয়ের অর্থ সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাদের নিকট ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু বাংলাদেশ কৃষি ব্যাংকের অনেক শাখা অদ্যাবধি প্রকল্পের সুফলভোগীদের পাওনা সঞ্চয় ফেরত প্রদান করেনি বলে জানা যায়। এ বিষয়ে বিকেবি সদর কার্যালয়ে পত্র প্রেরণ করা হলে সূত্রোক্ত স্মারকে নিম্নলিখিত ছকে প্রতিবেদন চাওয়া হয়েছে।

এমতাবস্থায়, উপজেলা হতে সুফলভোগীদের সঞ্চয় জমা সংক্রান্ত সর্বশেষ তথ্য সংশ্লিষ্ট কৃষি ব্যাংক শাখা হতে সংগ্রহ পূর্বক ব্যাংক ম্যানেজার এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা যৌথ স্বাক্ষরিত প্রতিবেদন নিম্ন বর্ণিত ছকে কম্পিউটার কম্পোজ করে আগামী ১৫/০৯/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে কর্মসূচি পরিচালকের ই-মেইল (pdpallipragati@gmail.com) এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো এবং হার্ড কপি যথারীতি ডাকযোগে কর্মসূচির সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

পল্লী প্রগতি প্রকল্পের/কর্মসূচির সুফলভোগীদের সঞ্চয় জমা সংক্রান্ত প্রতিবেদন


ক্রঃ নং	জেলার নাম	উপজেলার নাম	সংশ্লিষ্ট ব্যাংক শাখার নাম	ঋণ গ্রহীতা/ সঞ্চয়ধারীর নাম ও সঞ্চয়ী হিসাবের নম্বর		ঋণ বাবদ বরাদ্দ কৃত অর্থ	সুদসহ জমাকৃত সঞ্চয়ের পরিমাণ	সুদসহ পাওনাকৃত টাকার পরিমাণ	মন্তব্য
				নাম	হিসাব নম্বর				

উপজেলার মোট টাকা


২৬/৮/২০২০

জয়প্রকাশ বিশ্বাস
কর্মসূচি পরিচালক
পল্লী প্রগতি কর্মসূচি
ফোনঃ- ৮১৮০০৪৪

উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

()

..... ।